

## গণপ্রজাতন্ত্রী চিনের রাষ্ট্রীয় পরিষদের প্রধানমন্ত্রী মিঃ লি কেচিয়াং-এর সংগে প্রধানমন্ত্রীর টেলিফোন বার্তালাপ

আজ দুপুরে প্রধানমন্ত্রী গণপ্রজাতন্ত্রী চিনের রাষ্ট্রীয় পরিষদের প্রধানমন্ত্রী সম্মানীয় মিঃ লি কেচিয়াং-এর সংগে টেলিফোনে কথা বলেন। মিঃ কেচিয়াং-এর উদ্যোগেই এই বার্তালাপ হয়। সাম্প্রতিক সাধারণ নির্বাচনে প্রধানমন্ত্রী মোদীর বিজয়ে প্রধানমন্ত্রী লি তাঁকে অভিনন্দন জানান এবং তিনি উভয়দেশের মধ্যে ভবিষ্যত সম্পর্কের প্রগতির উদ্দেশ্যে ভারতের নতুন সরকারের সংগে বলিষ্ঠ অংশীদারি গড়ে তোলার চিনা সরকারের আকাঙ্ক্ষা প্রকাশ করেন।

প্রধানমন্ত্রী মোদী অভিনন্দন বার্তার জন্য প্রধানমন্ত্রী লিকে ধন্যবাদ জ্ঞাপন করেন। ভারতের বিদেশনীতিতে চিন সবসময়েই অগ্রাধিকারে থাকে উল্লেখ করে তিনি চিনের সংগে স্ট্র্যাটেজিক ও সহযোগিতামূলক অংশীদারির সম্পূর্ণ সম্ভাবনাকে কার্যকর করায় তাঁর সরকারের প্রত্যয়ের উপর গুরুত্ব আরোপ করেন এবং উন্নয়নমূলক লক্ষ্য অর্জনে ও আমাদের জনসাধারণের দীর্ঘমেয়াদী সুফল দেওয়ার উদ্দেশ্যে স্ট্র্যাটেজিক প্রেক্ষাপট থেকে সূত্রপাত করে আমাদের দ্বিপাক্ষিক সম্পর্কের বকেয়া ইস্যুগুলি নিয়ে চিনা নেতৃত্বের সংগে নিবিড়ভাবে নিযুক্ত হওয়ার বিষয়ে আগ্রহ প্রকাশ করেন। তিনি উভয় দেশের মধ্যে আর্থিক সম্পর্ক বৃদ্ধির প্রস্তাবকে স্বাগত জানান।

উভয় নেতা ঘনঘন উচ্চস্তরীয় সফর বিনিময় ও যোগাযোগ রক্ষার বিষয়ে সহমত হন। প্রধানমন্ত্রী মোদী প্রধানমন্ত্রী লির মাধ্যমে চিনের প্রেসিডেন্টকে এই বছরের শেষে ভারতে সফর করার আমন্ত্রণ জানান।

ভারতের প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণ করার প্রধানমন্ত্রী মোদীর বিদেশি সরকার প্রধানের সংগে প্রথম টেলিফোন বার্তালাপ হলো চিনের প্রধানমন্ত্রীর সংগে।

নয়াদিল্লি

২৯ মে ২০১৪